



বাংলাদেশ ফুটবল ফেডারেশন

BANGLADESH FOOTBALL FEDERATION



তারিখঃ ০১-০২-২০২১

সংবাদ বিজ্ঞপ্তি

বাংলাদেশ ফুটবল ফেডারেশন, পৃষ্ঠপোষক প্রতিষ্ঠান 'কে স্পোর্টস' এবং টেলিভিশন চ্যানেল 'টি স্পোর্টস' এর সাথে স্পন্সরশীপ/টিভি সম্প্রচার স্বত্ব বিষয়ে অদ্য ০১ ফেব্রুয়ারী ২০২১ তারিখ বিকাল ৩.০০ ঘটিকায় হোটেল ওয়েস্টিন এর গ্রান্ড বলরুমে ত্রিপক্ষীয় চুক্তি স্বাক্ষর অনুষ্ঠিত হয়।

উক্ত চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে বাফুফের পক্ষে উপস্থিত ছিলেন বাফুফের সম্মানিত সভাপতি কাজী মোঃ সালাহ উদ্দীন, সিনিয়র সহ-সভাপতি জনাব আব্দুস সালাম মুর্শেদী-এমপি, সহ-সভাপতি জনাব মহিউদ্দিন আহমেদ মহি, সদস্য জনাব জাকির হোসেন চৌধুরী, জনাব মোঃ নুরুল ইসলাম (নুরুল), জনাব টিপু সুলতান, জনাব ইমতিয়াজ হামিদ (সবুজ), ফিফা কাউন্সিল মেম্বার এবং বাফুফে ও এএফসি সদস্য মাহফুজা আক্তার (কিরণ), বাফুফে সদস্য জনাব মোঃ আমের খান, জনাব মহিদুর রহমান মিরাজ এবং বাফুফে সাধারণ সম্পাদক জনাব মোঃ আবু নাইম সোহাগ। পৃষ্ঠপোষক প্রতিষ্ঠান 'কে স্পোর্টস' এর পক্ষে প্রেসিডেন্ট ও সিইও জনাব ফাহাদ এম এ করিম ও ডাইরেক্টর জনাব আশফাক আহমেদ। টেলিভিশন চ্যানেল 'টি স্পোর্টস' এর পক্ষে উপস্থিত ছিলেন বসুন্ধরা গ্রুপ এর ভাইস চেয়ারম্যান ও টি স্পোর্টস এর চেয়ারম্যান ও ম্যানেজিং ডাইরেক্টর জনাব সাফওয়ান সোবহান তাসতীর এবং চীফ এক্সিকিউটিভ অফিসার জনাব ইশতিয়াক সাদেক।

আহসান আহমেদ অমিত

হেড অব মিডিয়া

বাংলাদেশ ফুটবল ফেডারেশন।